



বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)
BANGLADESH KRIRA SHIKKHA PROTISTHAN (BKSP)
জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা। Zirani, Ashulia, Savar, Dhaka.
Tel : 88-02-7789215-6 (PABX), Fax : 88-02-7789513
E-mail : bksp1983@yahoo.com, Web : www.bksp.gov.bd

স্মারক নং-বিকেএসপি/ক্রীক-১৫৬/২০২৩/৪২৮

তারিখ: ২৮ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

ভর্তি বিজ্ঞপ্তি

বিকেএসপিতে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (bkspds.gov.bd)

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানে (বিকেএসপি) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ০৩ (তিন) বৎসর মেয়াদী স্নাতক (পাস) ১ম বর্ষ বি-স্পোর্টস কোর্সে খেলার বিভিন্ন বিভাগে প্রশিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তি ফরম অনলাইনে পূরণ করে প্রিন্ট কপি সঙ্গে আনতে হবে।

১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলি:

(ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যে কোন শাখা থেকে ২০১৮/২০১৯/২০২০ সালের এস.এস.সি/সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ এবং ২০২০/২০২১/২০২২ সালের এইচ.এস.সি/সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(খ) ছেলেদের বিভাগসমূহ: ফুটবল, হকি, এ্যাথলেটিক্স, জিমন্যাস্টিক্স, টেনিস, সাঁতার, বাস্কেটবল, বক্সিং ও শ্যুটিং (বিষয়গুলোর মধ্যে যে কোন একটি খেলায় জাতীয়/বিভাগীয়/জেলা পর্যায়ে অংশগ্রহণের অভিজ্ঞতা থাকতে হবে)।

(গ) মেয়েদের বিভাগসমূহ: এ্যাথলেটিক্স, বক্সিং, ফুটবল, জিমন্যাস্টিক্স, টেনিস, সাঁতার ও শ্যুটিং (বিষয়গুলোর মধ্যে যে কোন একটি খেলায় জাতীয়/বিভাগীয়/জেলা পর্যায়ে অংশগ্রহণের অভিজ্ঞতা থাকতে হবে)।

২। অনলাইনে আবেদনের শেষ তারিখ: ৩০/০৯/২০২৩ খ্রি.

৩। ভর্তি পরীক্ষার তারিখ ও সময়: ০৫/১০/২০২৩ খ্রি. ও সকাল-৯:০০ ঘটিকা

পরীক্ষার স্থান: বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা।

৪। ভর্তি ও ভর্তি পরীক্ষার নিয়মাবলি:

(ক) পরীক্ষার দিন অনলাইনে রেজিস্ট্রেশনকৃত ফরমটির প্রিন্ট কপি, সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি (সত্যায়িত ছাড়া), এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষার মার্কশীট, প্রশংসা পত্র ও খেলার অভিজ্ঞতার সনদ পত্রের ফটোকপি সঙ্গে আনতে হবে।

(খ) আবেদনকারীকে স্বাস্থ্য ও ক্রীড়ামেধা যাচাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং সংশ্লিষ্ট খেলার প্রয়োজনীয় পোশাক ও সরঞ্জামাদি সঙ্গে আনতে হবে।

(গ) পাঠ্য বিষয়সমূহ:

স্নাতক (পাস)	আবশ্যিক বিষয়সমূহ (৪টি নিতে হবে)	ঐচ্ছিক বিষয়সমূহ (২টি নিতে হবে)
বি-স্পোর্টস	১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস ২) ইংরেজি ৩) বাংলা জাতীয় ভাষা ৪) ক্রীড়াবিজ্ঞান (ফুটবল, হকি, ক্রিকেট, এ্যাথলেটিক্স, জিমন্যাস্টিক্স, টেনিস, সাঁতার, বাস্কেটবল, বক্সিং ও শ্যুটিং)	বাংলা (ঐচ্ছিক), ইংরেজি (ঐচ্ছিক), দর্শন/ভূগোল, ইতিহাস, অর্থনীতি, ইসলামিক স্টাডিজ, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা এবং গণিত।

(ঘ) নির্বাচিত প্রার্থীদের তালিকা ১২/১০/২০২৩ খ্রি. তারিখ বৃহস্পতিবার বিকেএসপির ওয়েবসাইট (bkspds.gov.bd) এ প্রকাশ করা হবে।

(ঙ) চূড়ান্ত ভর্তির সময় অবশ্যই খেলার সনদপত্র, এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষার মূল মার্কশীট ও প্রশংসা পত্র জমা দিতে হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

(চ) ভর্তিকৃত প্রশিক্ষার্থীরা আবাসিক/অনাবাসিক হিসেবে গণ্য হবে।

(ছ) এ ছাড়া ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলি কলেজ চলাকালীন (সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত) বিকেএসপি, জিরানী, সাভারের কলেজ শাখা থেকে জানা যাবে।

* অনলাইনে নিম্নের প্রক্রিয়ায় রেজিস্ট্রেশন ফরম পূরণ করতে হবে:-

bkspds.gov.bd	>	Applicant Registration	>	Apply	>	Admission on B.Sports (pass) Under NU 2022-2023	>	Form Fillup	>	Submit	>	Print
---------------	---	------------------------	---	-------	---	---	---	-------------	---	--------	---	-------

যোগাযোগের জন্য (অফিস চলাকালীন সময়ে)

০১৭১২৪৫০১৩, ০১৭১৩২৪৬০৪০, ০১৯১৭৯৮০৪৩০

অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে

০১৬৭২০৯৩৩৪৬, ০১৭১৬৬৬২৩৩৮

আলোয়ার সাদাত আবু মোঃ ফুয়াদ, পিএসসি
ব্রিগেডিয়ার জেনারেল
মহাপরিচালক
বিকেএসপি।